

# জাতীয়করণ দাবি মাউশি ঘেরাও

নিজস্ব প্রতিবেদক

১৯ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**



বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) ঘেরাও করেছেন এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা। গতকাল রবিবার বেলা সাড়ে ১১টায় রাজধানীর আব্দুল গণি রোডে অবস্থিত মাউশির সামনে এ অবস্থান কর্মসূচি পালন করেন তারা। শিক্ষকদের দাবি, অগ্রাধিকার ভিত্তিতে প্রথমে মাধ্যমিক শিক্ষাকে জাতীয়করণ করতে হবে। সব বৈষম্য দূর করার লক্ষ্যে দ্রুত শিক্ষাব্যবস্থা জাতীয়করণের ঘোষণা দিতে হবে। এ ছাড়া আর্থিক প্রাপ্তির ক্ষেত্রে সব বৈষম্য ঘুচিয়ে প্রজ্ঞাপন জারি করতে হবে।

UNIBOTS

মোহাম্মদ আসাদুজ্জামান নামে এক শিক্ষক বলেন, সরকারি কর্মকর্তা-কর্মচারীরা মাসের ১ তারিখে বেতন পেয়ে যান। কিন্তু শিক্ষকরা বেতন পান মাসের অর্ধেক যাওয়ার পর। বিভিন্ন সময় আরও বিলম্ব হয়। মূলত

মাসের কখন বেতন হবে, সেটিও বলা যায় না। এ ছাড়া আমরা সরকারি প্রতিষ্ঠানের মতো সব ধরনের পরিশ্রম করলেও সুযোগ-সুবিধার বেলায় বঞ্চিত হই। তাই অগ্রাধিকারের ভিত্তিতে সব ধরনের শিক্ষা জাতীয়করণ চাই।

এর আগে এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ, উৎসব ভাতা, চিকিৎসা ভাতা ও বাড়ি ভাড়াসহ বিভিন্ন দাবিতে টানা ২২ দিন আন্দোলন করেন শিক্ষকরা। পরে গত মার্চের শুরুতে তাদের কর্মসূচি স্থগিত করা হয়।